**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date : 02-04-2026** **Desk in Charge : KL**

**Time : - 1-40 PM** **Editing & Compiling : Sudip B.**

**DEO : - KB** **NRT : Sudip Basu**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ মালদার কালিয়াচকে, বিচারবিভাগীয় আধিকারিকদের আটকে রাখার ঘটনায় ক্ষুব্ধ সুপ্রিম কোর্ট, NIA বা CBI-কে দিয়ে এই ঘটনার তদন্তের জন্য নির্বাচন কমিশনকে বলেছে। **#**SIR বিক্ষোভকে কেন্দ্র করে আজ'ও উত্তপ্ত মালদার বিভিন্ন এলাকা।

২/ পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফায়, ২৯শে এপ্রিল ১৪২টি আসনে ভোটগ্রহণের জন্য বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গেই মনোনয়ন পত্র জমা দেবার কাজ শুরু হয়ে গেছে।

৩/ ভারতে অনুপ্রবেশকারীদের শুধু ভোটার তালিকা থেকেই নয়, বেছে বেছে দেশ থেকেও বের করে দেওয়া হবে বলে অন্যতম শীর্ষ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ফের মন্তব্য করেছেন। **#** শ্রী শাহ-র উপস্থিতিতে এদিন ভবানীপুর আসনের জন্য মনোনয়ন পত্র জমা দিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। **#** রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারির চেষ্টা করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন।

৪/ চিরাচরিত ধর্মীয় মর্যাদায় এরাজ্যেও আজ হনুমান জয়ন্তী উদযাপিত হচ্ছে।

৫/ কলকাতার ইডেন গার্ডেন্সে IPL ক্রিকেটে আজ সন্ধ্যায় কলকাতা নাইট রাইডার্স, সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হচ্ছে।

******************************************************************************

মালদার কালিয়াচকে, গতকাল তিন মহিলা বিচারক সহ সাত জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটকে দীর্ঘক্ষণ ঘেরাও করে রাখার ঘটনায় ক্ষুব্ধ সুপ্রিম কোর্ট, নির্বাচন কমিশনকে NIA বা CBI-কে দিয়ে তদন্তের নির্দেশ দিতে বলেছে। শীর্ষ আদালতের নির্দেশে ওই বিচারকরা SIR-এ অ্যাডজুডিকেশন তালিকার বিচার করছিলেন। অবিলম্বে নির্বাচন কমিশন, স্বরাষ্ট্র সচিব, ডিজিপি এবং জেলা ম্যাজিস্ট্রেটকে ঘটনার বিস্তারিত রিপোর্ট দিতেও বলেছে শীর্ষ আদালত। মালদার ঘটনা সম্পর্কে, কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি আজ সকালে সুপ্রিম কোর্টের প্রধান বিচারপতি সূর্যকান্তকে বিস্তারিত জানান। ওই ঘটনা সুপরিকল্পিত বলেও উল্লেখ করেছেন প্রধান বিচারপতি সূর্যকান্ত, বিচারপতি জয়মাল্য বাগচী এবং বিচারপতি বিপুল এম পাঞ্চোলি।

জুডিশিয়াল অফিসারদের নিরাপত্তার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণের'ও নির্দেশ দেওয়া হয়েছে। শীর্ষ আদালত জানিয়েছে, ট্রাইবুনালে আবেদন দাখিল বা শুনানির সময়, দু-তিনজনের বেশী লোককে জেলার সংশ্লিষ্ট দপ্তরে প্রবেশ করতে দেওয়া যাবেনা। সমবেত হতে দেওয়া যাবেনা পাঁচ জনের বেশী মানুষকে। পাশাপাশি সবক'টি রাজনৈতিক দলের নেতা-নেত্রীদের, এই ঘটনার নিন্দা করা উচিত বলেও পর্যবেক্ষণে জানিয়েছে শীর্ষ আদালত। রাজ্যের মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব, পুলিশের ডিজি এবং মালদার পুলিশ সুপারের ভূমিকা অত্যন্ত হতাশাজনক বলেও শীর্ষ আদালতের পর্যবেক্ষণ। বারবার কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি এবং হাইকোর্টের রেজিস্ট্রারকে জানালেও, কোন ব্যবস্থা নেওয়া হয়নি কেন, তার ব্যাখ্যা দিতে বলেছে প্রধান বিচারপতির বেঞ্চ।

মামলার পরবর্তী শুনানি অর্থাৎ ৬'ই এপ্রিল বিকেল চারটেয়, মুখ্যসচিব, ডিজিপি, জেলা ম্যাজিস্ট্রেট এবং পুলিশ সুপারকে ভার্চুয়ালি উপস্থিত থাকার'ও নির্দেশ দেওয়া হয়েছে।

উল্লেখ্য, কালিয়াচক ২-নম্বর ব্লকে বিডিও অফিসে সাত বিচারবিভাগীয় আধিকারিককে দুপুর থেকে মধ্যরাত পর্যন্ত ঘেরাও করে রাখে বিক্ষোভকারীরা। অফিসের দুটি গেট আটকে দেয় তারা। শেষ পর্যন্ত পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী তাদের উদ্ধার করে জেলা সদরে নিয়ে যায়।

****************************

এদিকে, রাজ্যের অ্যাডভোকেট জেনারেল কিশোর দত্ত, মালদার ঘটনায় নির্বাচন কমিশনের ভূমিকার কড়া সমালোচনা করেছেন। শীর্ষ আদালতে তিনি বলেন, কমিশনের, বিরোধী পক্ষের ভূমিকা পালন করছে। যা উচিত নয়।

আইনজীবি কপিল সিব্বল বলেন, রাজ্যের আইনশৃঙ্খলা ব্যবস্থা সম্পূর্ণ ভেঙ্গে পড়ার ইঙ্গিত রয়েছে মালদার এই ঘটনায়।

এর প্রেক্ষিতে প্রধান বিচারপতি বলেন, প্রত্যেকেই এই বিষয়টি নিয়ে রাজনীতি করছে। এই অশান্তির পেছনে ইন্ধন কারা যোগাচ্ছে, তা'ও সুপ্রিম কোর্টের গোচরে রয়েছে বলে তিনি স্পষ্ট করে দিয়েছেন।

****************************

অন্যদিকে, মালদা জেলা জুড়ে আজ'ও একাধিক জায়গায় রাস্তা অবরোধ করে বিক্ষোভ সমাবেশ চলেছে। কোথাও টায়ারে আগুন দিয়ে, কোথাও রাস্তায় বাঁশ ফেলে, চলছে অবরোধ কর্মসূচী।

ইংলিশ বাজার বিধানসভা কেন্দ্রের যদুপুর এক নম্বর গ্রাম পঞ্চায়েতের যদুপুর হাইস্কুল মোড়ে জাতীয় সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখাচ্ছেন গ্রামবাসীরা। তাঁদের অভিযোগ, বৈধ ভোটারদের নাম ডিলিট করে দেওয়া হয়েছে।

মানিকচক বিধানসভা কেন্দ্রের স্ট্যান্ড এলাকায় কয়েকশো মহিলা-পুরুষ, অবরোধে সামিল হয়েছেন। নারায়নপুর এলাকাতেও চলছে অবরোধ কর্মসূচী।

****************************

পশ্চিমবঙ্গ বিধানসভা নির্বাচনে দ্বিতীয় দফায় আগামী ২৯-শে এপ্রিল ১৪২টি আসনে ভোটগ্রহণের জন্য আজ বিজ্ঞপ্তি জারির সঙ্গে সঙ্গে মনোনয়ন পত্র জমা দেওয়ার কাজ শুরু হয়ে গেছে। মনোনয়নপত্র জমা দেওয়ার শেষ তারিখ ৯-ই এপ্রিল। পরদিন ১০-ই এপ্রিল জমাপড়া মনোনয়নপত্রগুলি পরীক্ষা করে দেখা হবে। প্রার্থীপদ প্রত্যাহারের শেষ দিন ১৩ ই এপ্রিল। এদফায় নদীয়ার- ১৭, পূর্ব-বর্ধমানের- ১৬, হুগলীর- ১৮, হাওড়ার- ১৬, কলকাতার- ১১, উত্তর ২৪ পরগনার -৩৩ এবং দক্ষিণ ২৪ পরগনার- ৩১, মোট ১৪২-টি আসনে ভোট নেওয়া হবে।

এদিকে প্রথম দফায় ২৩-শে এপ্রিল ১৫২-টি আসনে ২৩-শে এপ্রিলের ভোটগ্রহণের জন্য মনোনয়নপত্র জমা দেওয়ার কাজ চলছে। এই দফায় মনোনয়নপত্র জমা দেওয়া যাবে ৬-ই এপ্রিল পর্যন্ত। রাজ্যে ভোট গণনা চৌঠা মে।

****************************

ভারতে অনুপ্রবেশকারীদের শুধু ভোটার তালিকাথেকেই নয়, বেছে বেছে দেশ থেকেও বের করে দেওয়া হবে বলে অন্যতম শীর্ষ বিজেপি নেতা তথা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ ফের মন্তব্য করেছেন। আজ কলকাতার ভবানীপুরে এক সমাবেশে যোগ দিয়ে শ্রী শাহ বলেন, রাজ্যে তৃণমূল কংগ্রেস অনুপ্রবেশকারীদের মদত দিচ্ছে। তাদের রাজ্যের ক্ষমতা থেকে হঠানোর আহ্বান জানিয়েছেন তিনি।

( বাইট- অমিত শাহ )

অমিত শাহ বলেন, ভবানীপুরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী বিপুল ভোটে পরাজিত হবেন। সুস্থ, দুষ্কৃতীমুক্ত সমাজ গড়ে তুলতে তৃণমূল কংগ্রেসকে রাজ্যের সর্বত্র পরাজিত করা জরুরী বলে'ও উল্লেখ করেন তিনি।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী আজ ভবানীপুরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর মনোনয়ন পত্র দাখিলের সময় উপস্থিত ছিলেন। সঙ্গে ছিলেন বিজেপির রাজ্য সভাপতি, সাংসদ শমীক ভট্টাচার্য ও বিজেপির শীর্ষ নেতৃত্ব। বিরোধী দলনেতা নন্দীগ্রামের পর আজ ভবানীপুর আসনেও তাঁর মনোনয়ন দাখিল করেন।

দক্ষিণ কলকাতার বেশ কয়েকটি আসনের বিজেপি প্রার্থীরাও আজ আলিপুরের সার্ভে বিল্ডিং-এ মনোনয়ন পত্র জমা দেন।

***************************

এদিকে, সার্ভে বিল্ডিং-এ বিজেপি প্রার্থীদের মনোনয়ন পত্র দাখিলের আগে তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকদের সঙ্গে বিজেপি কর্মীদের বচসা বাধে।

****************************

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন, রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারির চেষ্টা করা হচ্ছে। মালদার ঘটনা সুপরিকল্পিত বলেও এদিন মুর্শিদাবাদের সাগরদীঘিতে দলের নির্বাচনী প্রচারে যোগ দিয়ে তিনি একথা বলেন।

( বাইট- মমতা )

বাঁকুড়ার তালডাংড়ায় তৃণমূল কংগ্রেস প্রার্থীর সমর্থনে আজ জনসভা করবেন, দলের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়।

*******************************

**আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'অবাধ ভোটের হাতিয়ার-প্রযুক্তি' রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল এবং পর্যবেক্ষক সুব্রত গুপ্তর সঙ্গে কথা বলেছেন অভিরূপ ভট্টাচার্য।**

**আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।**

*******************************

রাজ্যে বিধানসভা নির্বাচনের দামামা বেজে ওঠার সঙ্গেই শুরু হয়েছে জোরদার প্রস্তুতি। মালদা জেলাও তার ব্যতিক্রম নয়। ভোটের দিন যতই এগিয়ে আসছে, জেলায় বাড়ছে নির্বাচনী উত্তাপ। এক নজরে দেখে নেওয়া যাক এই জেলার ভোটচিত্র।

(ভয়েকাস্ট- সহেলি/ মালদা )

*******************************

**চিরাচরিত ধর্মীয় মর্যাদায় দেশের অন্যান্য অংশের সঙ্গে আজ এরাজ্যেও হনুমানজয়ন্তী উদযাপিত হচ্ছে। চৈত্র পূর্ণিমা তিথিতে মহাবীর হনুমানের পুজোর রীতি রয়েছে। সকাল থেকেই হনুমান মন্দিরগুলিতে ভক্তদের ভীড়।**

*******************************

আইপিএল ক্রিকেটে আজ ইডেন গার্ডেন্সে কলকাতা নাইট রাইডার্স সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যে সাড়ে সাতটায়।

***************************

দক্ষিণবঙ্গের একাধিক জেলায় আজ গরম ও অস্বস্তিকর আবহাওয়ার সতর্কতা দেওয়া হয়েছে। হলুদ সতর্কতা রয়েছে দক্ষিণ ২৪ পরগণা, হাওড়া পশ্চিম মেদিনীপুর বাঁকুড়া পশ্চিম বর্ধমান এবং পুরুলিয়া জেলায়।

*********************************************************************